গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৬৪/২০১৯-২০২০

**ঢাকা, ২৫ সেপ্টেম্বর বুধবার ২০১৯, ১০ আশ্বিন ১৪২৬**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বাংলাদেশে টিকাদান কর্মসূচির সাফল্যের স্বীকৃতি হিসেবে 'ভ্যাকসিন হিরো' সম্মাননা পেলেন প্রধানমন্ত্রী
২। জলবায়ু পরিবর্তনের প্রভাব বাংলাদেশের মতো দেশগুলোর জন্য অস্তিত্বের হুমকি : জাতিসংঘ সদরদপ্তরে প্রধানমন্ত্রী
৩। রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশ, চীন ও মিয়ানমার নিয়ে গঠিত ত্রিপক্ষীয় ওয়াকিং গ্রুপ কাজ করবে : নিউইয়র্কে পররাষ্ট্রমন্ত্রী
৪। রোহিঙ্গাদের প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ প্রয়োগ অব্যাহত রাখতে হবে : কাজাখস্তানে আন্তর্জাতিক সংস্থাগুলোর প্রতি স্পিকার
৫। সেতুমন্ত্রীর সঙ্গে বৈঠক : সড়ক নিরাপত্তায় অর্থায়ন করবে জাতিসংঘ-বিশ্বব্যাংক
৬। সড়কগুলোর গুণগত মান উন্নয়ন করলে সড়ক দুর্ঘটনা কমবে : অর্থমন্ত্রী
৭। ক্যাসিনোর সঙ্গে জড়িত সবাই নজরদারিতে : সেতুমন্ত্রী
৮। ক্যাসিনো বিষয়ে প্রশাসন দায় এড়াতে পারে না : অর্থমন্ত্রী
৯। খাদ্য নিরাপত্তায় উৎপাদক থেকে বাজারজাতকরণ পর্যন্ত তদারকির আহ্বান কৃষিমন্ত্রীর
১০। ছয়টি বিভাগীয় শহরে শীঘ্রই বাংলাদেশ টেলিভিশনের পূর্ণাঙ্গ স্টেশন স্থাপন করা হবে : রাজশাহীতে তথ্যমন্ত্রী
১১। নারী, শিশু ও প্রতিবন্ধীদের উন্নয়নে গৃহীত প্রকল্প দ্রুত পাস করা হবে : পরিকল্পনামন্ত্রী
১২। সরকারি ভবন নির্মাণে জিকে শামীমের কাজ পেতে অনিয়ম খতিয়ে দেখা হবে : গণপূর্তমন্ত্রী
১৩। প্রত্যেক উপজেলায় সাংস্কৃতিক কেন্দ্র গড়ে তোলা হবে : ময়মনসিংহে সংস্কৃতি প্রতিমন্ত্রী
১৪। পর্যটনখাতের উন্নয়নে পরিকল্পনা নেয়া হয়েছে : পর্যটন প্রতিমন্ত্রী
১৫। চিলাহাটি-দার্জিলিং রুটে চলবে ট্রেন : দিনাজপুরে ভারতীয় হাইকমিশনার

চলমান পাতা-২

**১। বাংলাদেশে টিকাদান কর্মসূচির সাফল্যের স্বীকৃতি হিসেবে 'ভ্যাকসিন হিরো' সম্মাননা পেলেন প্রধানমন্ত্রী**

বাংলাদেশে টিকাদান কর্মসূচির সাফল্যের স্বীকৃতি হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পেলেন 'ভ্যাকসিন হিরো' সম্মাননা। প্রধানমন্ত্রীকে এ সম্মাননায় ভূষিত করেছে গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাকসিনস অ্যান্ড ইমিউনাইজেশন (জিএভিআই)। গত ২৩ সেপ্টেম্বর সোমবার সন্ধ্যায় জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠানে তাঁর হাতে এ পুরস্কার তুলে দেন জিএভিআই বোর্ডের চেয়ার এনগোজি ওকোনজো-আইয়েলা। এ সময় বাংলাদেশে টিকাদান কর্মসূচির ব্যাপক সফলতা বিশেষকরে পোলিও নির্মূল এবং ডিপথেরিয়া, হেপাটাইসিস বি ও রুবেলার মতো মরণব্যাধি নিয়ন্ত্রণে ভূমিকা রাখায় প্রধানমন্ত্রীর প্রশংসা করা হয়। সম্মাননা পাওয়ার পর প্রধানমন্ত্রী এক সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, এ পুরস্কার আমার না। এটা বাংলাদেশের জনগণকে উৎসর্গ করলাম। তিনি আরও বলেন, টিকাদান কর্মসূচি বাংলাদেশের জনস্বাস্থ্যের সাফল্যের গল্প হয়ে দাঁড়িয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** ( পৃ.১,ক.১)।

**২। জলবায়ু পরিবর্তনের প্রভাব বাংলাদেশের মতো দেশগুলোর জন্য অস্তিত্বের হুমকি :**
**জাতিসংঘ সদরদপ্তরে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমরা আমাদের সময়ের সব থেকে গুরুতর বৈশ্বিক চ্যালেঞ্জের মুখোমুখি রয়েছি। জলবায়ু পরিবর্তনের প্রভাব ক্রমবর্ধমানভাবে আমাদের সভ্যতার ক্ষতিসাধন করছে। এটি বাংলাদেশের মতো জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর জন্য অস্তিত্বের হুমকি। প্রধানমন্ত্রী স্থানীয় সময় গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) জাতিসংঘ সদরদপ্তরের কনফারেন্সকক্ষে গ্লোবাল কমিশন অন অ্যাডাপটেশন (জিসিএ) আয়োজিত এক অনুষ্ঠানে দেওয়া ভাষণে এসব কথা বলেন। কার্বন নিঃসারণ হ্রাস এবং জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর বিভিন্ন উদ্যোগে অর্থায়নের অঙ্গীকার বাস্তবায়নের জন্য আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, আমি সকল দেশের প্রতি কার্বন নিঃসরণ নিয়ে তাদের অঙ্গীকার বাস্তবায়নের এবং জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশগুলোর এ সংক্রান্ত বিভিন্ন পদক্ষেপে অর্থায়নের আহ্বান জানাচ্ছি। প্রধানমন্ত্রী বলেন, আমি বিশ্বাস করি আমাদের অংশীদারিত্বের অঙ্গীকার এমন একটি প্ল্যাটফরম সৃষ্টি করবে যেখানে উদ্ভাবনী এবং অভিযোজনমূলক বিভিন্ন পদক্ষেপসমূহ জলবায়ু পরিবর্তনের সহযোগিতামূলক বিভিন্ন কার্যপ্রণালি নির্ধারণে ভূমিকা রাখবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

**৩। রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশ, চীন ও মিয়ানমার নিয়ে গঠিত**
**ত্রিপক্ষীয় ওয়াকিং গ্রুপ কাজ করবে : নিউইয়র্কে পররাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গা প্রত্যাবাসনের বর্তমান পরিস্থিতি মূল্যায়নে একটি 'ত্রিপক্ষীয় ওয়ার্কিং গ্রুপ' গড়ে তুলতে সম্মত হয়েছে বাংলাদেশ, চীন ও মিয়ানমার। এ যৌথ গ্রুপ মাঠ পর্যায়ে প্রত্যাবাসনকে সহায়তার জন্য কাজ করবে। নিউইয়র্কের স্থানীয় সময় গত ২৩ সেপ্টেম্বর সোমবার জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনের সাইডলাইনে চীন ও মিয়ানমারের পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গে বৈঠকের পর পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন এ কথা জানান। রোহিঙ্গাসংকট নিরসনের প্রক্রিয়ায় আনুষ্ঠানিকভাবে যুক্ত হচ্ছে চীন। এরই অংশ হিসেবে বাংলাদেশ ও মিয়ানমারের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন চীনা পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই। বৈঠক শেষে পররাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের বলেন, বাংলাদেশ, চীন এবং মিয়ানমার যৌথভাবে রোহিঙ্গা প্রত্যাবাসন পরিস্থিতির মূল্যায়ন করবে। কিছু আপত্তি থাকা সত্ত্বেও চীনের প্রস্তাবে রাজি হয়েছে মিয়ানমার। অক্টোবরে ত্রিপক্ষীয় কার্যনির্বাহী গ্রুপের প্রথম বৈঠক অনুষ্ঠিত হবে। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.ক.২), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১),**বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**৪। রোহিঙ্গাদের প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ প্রয়োগ অব্যাহত রাখতে হবে :**
**কাজাখস্তানে আন্তর্জাতিক সংস্থাগুলোর প্রতি স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী রোহিঙ্গাদের শান্তিপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিত করতে মিয়ানমারের ওপর চাপ প্রয়োগ অব্যাহত রাখতে আন্তর্জাতিক সংস্থাগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) কাজাখস্তানের রাজধানী নূর সুলতানে ইউরেশিয়ান দেশভুক্ত স্পিকারদের চতুর্থ সম্মেলনে তিনি এ আহ্বান জানান। ইউরেশিয়ান অঞ্চলের ৬৫টি দেশের প্রতিনিধি এবং ১২টি আন্তর্জাতিক ও আন্তঃসংসদীয় সংস্থার প্রতিনিধিরা ঐ সম্মেলনে অংশ নিয়েছেন। স্পিকার রোহিঙ্গা সমস্যার শান্তিপূর্ণ সমাধানে কার্যকর পদক্ষেপ নিতে আন্তর্জাতিক সম্প্রদায়কে এগিয়ে আসারও আহ্বান জানান। তিনি বলেন, রোহিঙ্গাদের শান্তিপূর্ণ প্রত্যাবাসন নিশ্চিত করতে মিয়ানমারকে উপযুক্ত পরিবেশ তৈরি করতে হবে। ইউরেশিয়ান অঞ্চলে সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে উন্নয়নকে টেকসই করতে হবে। এক্ষেত্রে এ অঞ্চলের অর্থনৈতিক, সাংস্কৃতিক ও কারিগরি সহযোগিতার পাশাপাশি অভিজ্ঞতা বিনিময় অপরিহার্য। এ সময় তিনি ইউরেশিয়ান অঞ্চলে সহযোগিতা বৃদ্ধিতে সংসদগুলোকে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার আহ্বান জানান। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৫।	সেতুমন্ত্রীর সঙ্গে বৈঠক : সড়ক নিরাপত্তায় অর্থায়ন করবে জাতিসংঘ-বিশ্বব্যাংক**

সড়কের নিরাপত্তায় অর্থায়ন করবে জাতিসংঘ ও বিশ্বব্যাংক। বাংলাদেশের সঙ্গে যৌথভাবে কাজ করতে আগ্রহী বৈশ্বিক এ দুটি সংস্থা। সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ তথ্য জানিয়েছেন। গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) সচিবালয়ে তাঁর সঙ্গে দেখা করেন বাংলাদেশ সফররত জাতিসংঘ মহাসচিবের সড়ক নিরাপত্তাবিষয়ক বিশেষ দূত জ্যাঁ টড ও বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্ট (দক্ষিণ এশিয়া) হার্টভিগ শ্যাফার। তাদের সঙ্গে বৈঠকের পর সেতুমন্ত্রী বলেন, জাতিসংঘ ও বিশ্বব্যাংক প্রতিনিধিরা যৌথভাবে দেশে সড়ক দুর্ঘটনা রোধ এবং সড়ক নিরাপত্তায় কাজ করতে আগ্রহ দেখিয়েছেন। শীঘ্রই এ লক্ষ্যে প্রকল্প প্রণয়নসহ প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়া হবে। এছাড়া বিশ্বব্যাংকের অর্থায়নে ঝিনাইদহ থেকে যশোর হয়ে ভোমরা পর্যন্ত ১৬০ কিলোমিটার সড়ক চার লেনে উন্নীত করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (শেষ পৃ,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬)।

**৬।	সড়কগুলোর গুণগত মান উন্নয়ন করলে সড়ক দুর্ঘটনা কমবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, বাংলাদেশ উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছে। নানামুখী উন্নয়নের পাশাপাশি সড়ক ও মহাসড়কও হচ্ছে। বর্তমানে বাংলাদেশে ২১ হাজার কিলোমিটারের মহাসড়ক রয়েছে। এখন প্রয়োজন এগুলোর গুণগত মান উন্নীত করা। তিনি বলেন, সড়কের গুণগত মান উন্নয়ন করলে দুর্ঘটনাও কমে আসবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আগামী দশকের মধ্যে সড়ক দুর্ঘটনায় হতাহতের সংখ্যা অর্ধেকে নামিয়ে আনার টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে বদ্ধপরিকর। আমরা নিশ্চিত যে দেশের সকল নাগরিকের আন্তরিক সহযোগিতায় নির্ধারিত লক্ষ্যে পৌঁছাতে পারব। গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) রাজধানীর একটি হোটেলে বিশ্বব্যাংক ও জাতিসংঘের যৌথ আয়োজিত সকলের জন্য সড়ক নিরাপত্তা বিষয়ক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৭।	ক্যাসিনোর সঙ্গে জড়িত সবাই নজরদারিতে : সেতুমন্ত্রী**

ক্যাসিনোকে আইনি কাঠামোর মধ্যে আনার বিষয়ে সরকারের কোনো সিদ্ধান্ত নেই জানিয়ে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, এর সঙ্গে জড়িত সবাই নজরদারিতে রয়েছে। গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে আয়োজিত সংবাদসম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সেতুমন্ত্রী বলেন, নিজের ঘর থেকেই আমরা অভিযান শুরু করেছি। বেশ কিছু নেতা নজরদারিতে রয়েছে। অপকর্মকারীরা কেউই ছাড় পাবে না। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.ক.৫), **সমকাল** (পৃ.১৫,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

**৮।	ক্যাসিনো বিষয়ে প্রশাসন দায় এড়াতে পারে না : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ক্যাসিনোর মাধ্যমে অবৈধ লেনদেনের বিষয়ে প্রশাসনের অবশ্যই জানা উচিত ছিল। প্রশাসন জানে না এমন কিছু নেই। প্রশাসনের কেউ না কেউ এর সঙ্গে জড়িত থাকতে পারে। তারা তাদের দায় এড়াতে পারে না। গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) রাজধানীর একটি হোটেলে বিশ্বব্যাংক আয়োজিত সবার জন্য সড়ক নিরাপত্তাবিষয়ক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ কথা বলেন। জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) অনুমোদন ছাড়া ক্যাসিনোর সরঞ্জাম দেশে কিভাবে এলো এমন প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী বলেন, এ বিষয়গুলো খতিয়ে দেখা হবে। এগুলো মিথ্যা ঘোষণা দিয়ে আনলেও কোনো না কোনো প্রতিষ্ঠানের মাধ্যমেই আনা হয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তদন্তে সবকিছু বের হয়ে আসবে বলে তিনি উল্লেখ করেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**৯।	খাদ্য নিরাপত্তায় উৎপাদক থেকে বাজারজাতকরণ পর্যন্ত তদারকির আহ্বান কৃষিমন্ত্রীর**

নিরাপদ খাদ্য নিশ্চিত করতে উৎপাদক থেকে শুরু করে বাজারজাত পর্যন্ত তদারকি করতে হবে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। তিনি নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উদ্দেশে বলেন, ড্রাগসের (মাদক) মতো সারা দেশে নিরাপদ খাদ্য নিশ্চিতে পদক্ষেপ নিন। এমন পরিস্থিতি সৃষ্টি করুন যাতে কেউ খাদ্যে ভেজাল দিতে না পারে। গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবে 'নিরাপদ খাদ্য ও কৃষি ব্যবস্থাপনা' শীর্ষক এক গোলটেবিল আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.১৫,ক.৬)।

**১০। ছয়টি বিভাগীয় শহরে শীঘ্রই বাংলাদেশ টেলিভিশনের পূর্ণাঙ্গ স্টেশন স্থাপন করা হবে : রাজশাহীতে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, রাজশাহীসহ দেশের ছয়টি বিভাগীয় শহরে শীঘ্রই বাংলাদেশ টেলিভিশনের পূর্ণাঙ্গ স্টেশন স্থাপন করা হবে। গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) রাজশাহী সার্কিট হাউজে স্থানীয় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৪)।

**১১। নারী, শিশু ও প্রতিবন্ধীদের উন্নয়নে গৃহীত প্রকল্প দ্রুত পাস করা হবে : পরিকল্পনামন্ত্রী**

নারী, শিশু, শারীরিক প্রতিবন্ধী বা পিছিয়েপড়াদের নিয়ে নতুন নতুন প্রকল্পের আহ্বান জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। এসব প্রকল্প এলে দ্রুত পাস করিয়ে দেয়া হবে বলেও জানিয়েছেন তিনি। গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) রাজধানীর গুলশানের একটি অভিজাত হোটেলে আয়োজিত 'রুট টু রাইটস : চিলড্রেন্স আর স্পিকিং আপ' শীর্ষক এক অনুষ্ঠানে পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৬), **যুগান্তর** (পৃ.১৮,ক.৫)।

**১২। সরকারি ভবন নির্মাণে জিকে শামীমের কাজ পেতে অনিয়ম খতিয়ে দেখা হবে : গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, যুবলীগ নেতা পরিচয়ে প্রভাবশালী ঠিকাদার জিকে শামীমকে সরকারি ভবন নির্মাণের কাজ দেয়ার ক্ষেত্রে অনিয়মের অভিযোগ খতিয়ে দেখা হবে। তিনি বলেন, যে প্রক্রিয়ায় তিনি ঠিকাদারি কাজ পেয়েছেন, সেটা নিয়মের অধীনে ছিল নাকি নিয়মের ব্যত্যয় ঘটিয়ে করা হয়েছিল তা আমরা খতিয়ে দেখছি। গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) সচিবালয়ে কর্মরত সংবাদিকদের কার্যালয় 'গণমাধ্যম কেন্দ্র' পরিদর্শনে এসে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.১,ক.৬)।

**১৩। প্রত্যেক উপজেলায় সাংস্কৃতিক কেন্দ্র গড়ে তোলা হবে : ময়মনসিংহে সংস্কৃতি প্রতিমন্ত্রী**

দেশের প্রত্যেকটি উপজেলায় সাংস্কৃতিক কেন্দ্র গড়ে তোলা হবে বলে জানিয়েছেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কেএম খালদ বাবু। গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) ময়মনসিংহ টেলিভিশন রিপোর্টার্স ইউনিটির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত গুণীজন সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এ কথা জানান। সংস্কৃতি প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার সুস্থধারার সংস্কৃতি চর্চা, বিকাশ ও এর উন্নয়নে ব্যাপক কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এরই অংশ হিসেবে দেশের প্রতিটি উপজেলায় সাংস্কৃতিক কেন্দ্র গড়ে তোলার কার্যক্রম হাতে নেয়া হয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৫,ক.৫)।

**১৪। পর্যটনখাতের উন্নয়নে পরিকল্পনা নেয়া হয়েছে : পর্যটন প্রতিমন্ত্রী**

বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মাহবুব আলী বলেছেন, পর্যটনখাতে স্বল্প, মধ্য এবং দীর্ঘমেয়াদি কিছু পরিকল্পনা নেয়া হচ্ছে। এর মধ্যে ম্যানগ্রোভ সুন্দরবনে বুয়েটের প্রতিনিধিদল জরিপ করেছে। তাদের প্রতিবেদন চূড়ান্ত পর্যায়ে। সেখানে পর্যটক বিশেষকরে বিদেশি পর্যটক যাতে আকৃষ্ট করে এবং বিদেশি বড় বড় ক্রুজ শিপগুলোতে ইকো ট্যুরিজম উপভোগ করতে পারে সে জন্য আমরা প্রয়োজনীয় ব্যবস্থা খুব দ্রুত নেব। পুরো দেশকে পর্যটন আকর্ষণে পরিণত করতে মহাপরিকল্পনা চূড়ান্ত হওয়ার পথে রয়েছে। গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) সচিবালয়ে আগামী ২৭ সেপ্টেম্বর বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে এক সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১৫,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.১,ক.৫)।

**১৫। চিলাহাটি-দার্জিলিং রুটে চলবে ট্রেন : দিনাজপুরে ভারতীয় হাইকমিশনার**

বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার রীভা গাঙ্গুলী দাশ বলেছেন, আগামী মাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে যাবেন। সেখানে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে তাঁর কথা হবে চিলাহাটি থেকে সরাসরি ভারতের দার্জিলিং পর্যন্ত ট্রেন চলাচলের বিষয়ে। এছাড়া '৬৫ সালের আগে দু'দেশের যেসব এলাকা দিয়ে ট্রেন চলাচল ছিল, সেসব লাইন দিয়ে আবার রেল যোগাযোগ শুরু করার প্রক্রিয়া চলছে। গতকাল (২৪ সেপ্টেম্বর মঙ্গলবার) দিনাজপুর জেলার কাহারোল উপজেলার দীপ্ত জীবন ফাউন্ডেশন ও হাসপাতালে প্রতিবন্ধী এবং দুস্থদের মধ্যে হুইল চেয়ার ও সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

## সম্পাদকীয়

**ক.** **যায়যায়দিন :** জাতিসংঘের খাদ্য ও কৃষিবিষয়ক সংস্থা (এফএও) সূত্রে পাওয়া তথ্যে জানা গেছে মৎস্যসম্পদ উৎপাদনে বিশ্বে অষ্টম স্থানে রয়েছে বাংলাদেশ উল্লেখ করে মৎস্য চাষকে উৎসাহিত করার জন্য এ খাতের সব প্রতিবন্ধকতা দূর করার ওপর গুরুত্বারোপ।

**খ.** **সমকাল :** বাগেরহাটের ফকিরহাটে চিংড়ি ঘেরে অক্সিজেনের মাত্রা কমে যাওয়ায় মাছ মরে যাচ্ছে উল্লেখ করে দেশের বিপন্ন চিংড়ি চাষিদের পাশে দাঁড়ানোর সুপারিশ।

**গ.** **বণিক বার্তা :** বাংলাদেশে অবস্থানরত বিদেশিদের প্রকৃত সংখ্যা বিষয়ে সরকারের কোনো সংস্থা বা প্রতিষ্ঠানের কাছে সুনির্দিষ্ট তথ্য নেই উল্লেখ করে প্রকৃত সংখ্যা নিরূপণ ও ওয়ার্ক পারমিট ছাড়া বিদেশিদের কাজের সুযোগ বন্ধ করার সুপারিশ।

**ঘ.** **যুগান্তর :** ধীরগতিতে চলছে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২১ প্রকল্পের কাজ উল্লেখ করে দেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে সব মন্ত্রণালয়ে এডিপি বাস্তবায়নে কাঙ্ক্ষিত গতি নিশ্চিত করা জরুরি বলে মতপ্রকাশ ।

**ঙ.** **ভোরের কাগজ :** আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কঠোর অবস্থানের মধ্যেও জঙ্গি তৎপরতা থেমে নেই উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ কামনা।

**চ.** **ঢাকা ট্রিবিউন :** নয় বছরের শিশুসহ দুজন বাস চাপায় প্রাণ হারানোর কথা উল্লেখ করে সড়ক দুর্ঘটনার জন্য দায়ী বাস ড্রাইভারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**ছ.** **নিউ এজ :** বিদেশে কর্মরত নারী শ্রমিকদের নিরাপত্তা ও অধিকার রক্ষায় দৃষ্টি দেওয়ার সুপারিশ।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'কন্যাশিশুর নিরাপত্তা ও বাস্তবতা'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, কন্যাসন্তানের নিরাপত্তা শুধু ঘরে নয়, ঘরের বাইরেও নিশ্চিত করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা